শাবনূর সবচেয়ে চালাক অভিনেত্রী: নূতন

ঢাকাই ছবির একসময়ের জনপ্রিয় নায়িকা ফারহানা আমিন রত্না, তবে নূতন নামেই সর্বাধিক পরিচিত তিনি। সোশ্যাল মিডিয়ায় বেশ সক্রিয় এ অভিনেত্রী।

সম্প্রতি জনপ্রিয় চিত্রনায়িকা শাবনূরকে নিয়ে মন্তব্য করলেন নূতন।

‘স্ত্রীর পাওনা’খ্যাত অভিনেত্রীর মতে, শাবনূর সবচেয়ে মেধাবী ও চালাক অভিনেত্রী। শাবনূরকে নিয়ে আক্ষেপও প্রকাশ করেছেন তিনি।

তার সঙ্গে ববিতা ও শাবনূর দাঁড়িয়ে এমন একটি পুরনো ছবি পোস্ট করে একটি দীর্ঘ স্ট্যাটাস দিয়েছেন নূতন।

শাবনূরের প্রশংসায় নূতন লিখেছেন, ‘শাবনূর আমার দেখা সবচেয়ে মেধাবী ও চালাক অভিনেত্রী। সে জানত কাকে কতটা সম্মান দিতে হয়। মানুষের মন বা মেজাজ বুঝার একটা গুণ তার আল্লাহ প্রদত্ত ছিল। অসম্ভব গুণী অভিনেত্রী; তার সবচেয়ে বড় গুণ হচ্ছে— সহশিল্পীদের সঙ্গে মজা করে তাদের অন্যমনষ্ক করে রাখত আর নিজে সিরিয়াস থাকত। সে যে সবসময় সিরিয়াস, তা সহজে বুঝতে দিত না।’

খুব সহজে সিনেমায় নিজের চরিত্রটিকে আত্মস্থ করতে পারত শাবনূর— এমন ভাষ্য নূতনের।

তিনি লিখেছেন, স্ক্রিপ্ট হাতে নিলেই শাবনূরের মধ্যে চরিত্র লালন করার একটা অস্বাভাবিক গুণ ছিল। তার হাত, পা, চোখ, শাবানা আপার মতো সমানতালে অভিনয় করত।’

শাবনূরের মতো গুণী অভিনেত্রীকে যথাযথ ব্যবহার করা হয়নি মন্তব্য তার। এ নিয়ে আক্ষেপ ঝরল নূতনের সেই পোস্টে।

নূতন বলেছেন, ‘শাবনূরকে নিয়ে চর্চা করলে বাংলাদেশ যুগান্তকারী একজন অভিনেত্রী পেত। এক শাবনুর দিয়েই বাংলা চলচ্চিত্রে অনেক কিছু করা সম্ভব ছিল। তার শুরুটা যেমন ছিল, শেষটা তেমন হয়নি।’

পোস্টের শেষে নূতন লিখেছেন, ‘শাবনূর প্রথমে আমার সামনে আসত না ভয়ে। কথাও বলত না, তাকিয়ে থাকত। তবে পরে আমার জুনিয়র বন্ধুতে

রূপান্তরিত হয়। অনেক বেশি আদরের আমার।’

গাংনীতে শোভা হত্যাকারীর ফাঁসি দাবিতে মানববন্ধন

মেহেরপুরের গাংনীর কলেজ ছাত্রী হত্যার প্ররোচণাকারী ও নির্যাতনকারি স্বামীর ফাঁসি দাবিতে মানব বন্ধন করেছে তার কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

সোমবার বেলা ১১টার দিকে গাংনী প্রেস ক্লাবের সামনের সড়কে এ মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, গাংনী সরকারি ডিগ্রি কলেজ অধ্যক্ষ মনিরুল ইসলাম ও শোভার পিতা জাপা নেতা আব্দুল হালিম।

দুই বছর আগে ঢাকায় ভাড়া বাসায় স্বামীর সাথে বসবাস করা অবস্থায় আত্মহত্যা করে শোভা। শোভা রাজমিন হুসনাকে হত্যা করা হয়েছে অভিযোগ করে মামলা দায়ের করেছিলেন শোভার পিতা। ২০১৯ সালের ১০ সেপ্টেম্বর শোভা রাজমিন হুসনা স্বামীর সাথে ঢাকায় বসবাসরত অবস্থায় আত্নহত্যা করে।

নতুনদের নিয়োগ দেবে আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ। প্রতিষ্ঠানটিতে টাইম কিপার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নাম

টাইম কিপার।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে যেকানো বিষয়ে স্নাতক পাস হতে হবে। দুই থেকে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ফ্রেশ গ্র্যাজুয়েটরাও আবেদন করতে পারেন।

কর্মস্থল

মুন্সিগঞ্জ (গজারিয়া)।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

২৫ জুলাই, ২০২২।

সূত্র : বিডিজবস

মুজিবনগরে কম্পিউটার এন্ড ডেইলী শপে ভয়াবহ অগ্নিকাণ্ড

মুজিবনগর উপজেলা শহরের তিশা কম্পিউটার এন্ড ডেইলী শপ নামের একটি বড় দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় নগদ টাকা সহ প্রায় ৭/৮ লক্ষ টাকার ক্ষতি হয়েছে ।

রবিবার দিবাগত রাত আনুমানিক ৩ টার দিকে মুজিবনগর ব্রাক অফিসের

পাশে তিশা কম্পিউটার এন্ড ডেইলী শপে এই ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

দোকানের মালিক সামসুজ্জোহা জানান, দোকানের মালামাল, নগদ টাকা, ফ্রীজ, টেলিভিশনসহ ৭/৮ লক্ষ টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে। তিনি বলেন, আমি দক্ষ ইলেক্টিশিয়ান দিয়ে আমার এই দোকানের ওয়্যারিং করিয়েছি। বিদ্যুতের শর্টসার্কিট হওয়ার কোনো সম্ভাবনা নেই। কেউ শত্রুতা বসত দোকানে আগুন দিতে পারে।

সামসুজ্জোহা বলেন, আমি গতরাত সাড়ে ১০ টার দিকে মেহেরপুরে থেকে ওষধ নিয়ে এসে দোকানে রেখে বাড়ি যায়। ভোররাত ৪ টার দিকে হাসান নামের একজন প্রতিদিন আমার দোকানের লাইট বন্ধ করেন। আজকেও সে লাইট বন্ধ করতে এসে দোকানের মধ্যে থেকে পোড়া গন্ধ পেয়ে আমাকে খবর দেন। পরে দোকানে এসে দেখি আমার দোকানের সব শেষ। পুড়ে গেছে আমার জীবনের সব কিছু।

ফায়ার সার্ভিসের একটি টীম আসলেও কোনো কিছুই অবশিষ্ট পাননি। তবে ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা বিদ্যুতের শর্টসার্কিট থেকেই অগ্নিকান্ডের সূত্রপাত হতে পারে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ঘটনার সত্যতা জানিয়েছেন। তিনি বলেন, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থল গিয়েছে।

প্রেসিডেন্টসহ একযোগে পদত্যাগ করলেন ক্রিকেট বোর্ডের সব সদস্য

অবিশ্বাস্য এক কাণ্ড ঘটিয়েছে স্কটল্যান্ড ক্রিকেট বোর্ড! সব সদস্যকে নিয়ে একযোগে পদত্যাগ করেছেন বোর্ডের প্রেসিডেন্ট।

ইএসপিএন ক্রিক ইনফো ও দ্য গার্ডিয়ান জানিয়েছে, গত বছর স্কটল্যান্ড বোর্ডের বিরুদ্ধে দেশটির সাবেক ক্রিকেটার মজিদ হক

প্রাতিষ্ঠানিক বর্ণবাদের অভিযোগ করেন। সেই অভিযোগের তদন্ত প্রতিবেদন আজ প্রকাশিত হওয়ার কথা।

আর প্রতিবেদন প্রকাশের আগেই বোর্ডের সবাই একসঙ্গে পদত্যাগের সিদ্ধান্ত জানিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারে এ পদত্যাগের ঘোষণা দেন তারা।

পদত্যাগের বিবৃতিতে অবশ্য বর্ণবাদের অভিযোগের সত্যতা পরোক্ষভাবে স্বীকার করে নিয়েছে স্কটল্যান্ড বোর্ড।

বোর্ডের অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী গর্ডন আর্থুরকে দেওয়া পদত্যাগপত্রে তারা লিখেছেন, ‘এই প্রতিবেদন থেকে যা আসবে, সেসব কার্যকরী করতে বোর্ড বদ্ধপরিকর ছিল। যারাই ক্রিকেট স্কটল্যান্ডে বর্ণবাদ অথবা যেকোনো ধরনের বৈষম্যের শিকার হয়েছেন, তাদের কাছে আমরা দুঃখ প্রকাশ করছি এবং এর আগেই প্রকাশ্যে ক্ষমা চেয়েছি। আমাদের বিশ্বাস, সামনের দিনগুলোতে প্রয়োজনীয় উন্নতির জন্যই আমাদের সরে দাঁড়ানো উচিত।’

২০১৫ সালের বিশ্বকাপ থেকে হুট করেই মজিদ হককে দেশে পাঠায় স্কটিশ টিম ম্যানেজমেন্ট। এরপর আর জাতীয় দলে নিজেকে যুক্ত করতে পারেননি মজিদ। গতবছর মজিদ বোর্ডের বর্ণবৈষম্যের শিকার হয়েছেন বলে অভিযোগ তোলেন।

৫৪ ওয়ানডে ও ২১ টি-টোয়েন্টিতে থেমে যায় তার ক্যারিয়ার। এ দুই ফরম্যাটে যথাক্রমে ৬০ ও ২৮টি উইকেটে রয়েছে তার।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৪, মামলা রজ্জু ৩ টি

মেহেরপুর সদর থানা ও মুজিবনগর থানা পুলিশের নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৩ ও মাদক মামলা ১ জনসহ ৪ জন গ্রেফতার হয়েছেন।

রবিবার সকাল থেকে আজ সোমবার (২৫ জুলাই) ভোররাত পর্যন্ত দুটি

উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করা হয়।

আসামীদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৩ জন ও মুজিবনগর থানা পুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া নিয়মিত মামলায় ১ জনকে গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে গাংনী ও সদর থানায় দুটি মারামারি ও মুজিবনগর থানায় মাদক উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা এফআইআরভুক্ত করা করা হয়েছে।

আজ সোমবার (২৫ জুলাই) সকালের দিকে গ্রেফতারকৃত আসামীদের আদালতে সোপর্দ করা হবে বলে জানান সূত্রটি।

জীবননগরে মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা

নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ এ স্লোগানে জীবননগরে শুরু হয়েছে জাতীয় মৎস্য সপ্তাহ। মৎস্য সপ্তাহ উপলক্ষে জীবননগরে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রোববার সকালে মৎস্য সপ্তাহের এ কর্মসূচি পালন করা হয় মৎস্য সপ্তাহ উপলক্ষে গতকাল রোববার সকালে জীবননগর উপজেলা পরিষদ চত্বর থেকেএকটি র্যালী বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলার সিনিয়র মৎস্য কমকতা মোঃ দীন ইসলামের সভাপতিত্বে

র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।

জীবননগরে অটো মিলের পুরাতন বয়লার বিস্ফোরণ, শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার জীবননগরে মা-বাবা অটো রাইচ মিলের পুরাতন ও নিন্মমানের বয়লার বিস্ফোরণে ফয়সাল হোসেন নামে (২২) এক শ্রমিক নিহত হয়েছেন।

রোববার বেলা পৌনে ১২ টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলা নামক স্থানে মেসার্স মা-বাবা এগ্রো ফুডে এ ঘটনা ঘটেছে।

নিহত ফয়সাল হোসেন জীবননগর পৌর সভার ৫নং ওয়ার্ড লক্ষীপুর গ্রামের কামাল হোসেনের ছেলে এবং মা-বাবা এগ্রো ফুডের শ্রমিক।

প্রত্যক্ষদর্শী মো. রাকিব হাসান জানান, ফয়সাল হোসেন, রোববার বেলা পৌনে ১২ টার সময় মা-বাবা এগ্রো ফুডের পুরাতন একটি বয়লারে মেরামতের কাজ করছিলেন। হঠাৎ করেই বিকট শব্দে বয়লারটি বিস্ফোরিত হয়। বিস্ফোরিত বয়লারের আঘাতে ফয়সাল হোসেনের ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক জানান, জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামে বয়লার বিস্ফোরণে ফয়সাল নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় পরিবারের সদস্যদের আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে গেটের সানসেটের উপর ফুলের চারা লাগাতে গিয়ে পড়ে শিশুর মৃত্যু

নানা বাড়িতে বেড়াতে গিয়ে বাড়ির গেটের সানসেট (প্রাচীর) থেকে পড়ে সুমাইয়া খাতুন (৬) নামের এক শিশু নিহত হয়েছে।

আজ রবিবার (২৪ জুলাই)বিকেল ৪ টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত শিশু সুমাইয়া গাংনী উপজেলার করমদী গ্রামের পশ্চিম পাড়া এলাকার দীন ইসলামের মেয়ে ও স্থানীয় একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, শিশু সুমাইয়া তার নানার বাড়ির গেটের সানসেটের উপর ফুলের চারা রোপন করছিল। হঠাৎ সে অসাবধানবশত সানসেট থেকে পড়ে গুরুতর আহত হয়। পরে তাকে উদ্ধার করে গাংনেীউপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্তকরণ

“নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ”এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে পাঁচটার দিকে পন্টের ঘাট ভৈরব নদীতে ৩৫ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান উপস্থিত থেকে নিচ হাতে মাছের পোনা অবমুক্ত করেন।
এসময় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধ মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,মৎস্য সম্পর্কিত জেলা কমিটির প্রতিনিধি ও পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল,জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন, জেলা মৎস্য খামার ব্যবস্থাপক ইকবাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।